গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২১৭/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ১৫ মে ২০১৯, ১ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বদলে গেছে দেশ : তথ্যমন্ত্রী
২। বিশ্ববাণিজ্য নেগোসিয়েশনে এলডিসিভুক্ত দেশের অংশগ্রহণ প্রয়োজন
ডব্লিউটিও'র সভায় বাণিজ্যমন্ত্রী
৩। মালয়েশিয়ায় দুই মন্ত্রীর সঙ্গে প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রীর বৈঠক :
শ্রমবাজার উন্মুক্ত হবে শীঘ্রই
৪। অর্থনৈতিক সম্পর্ক বাড়াতে চায় যুক্তরাষ্ট্র : বাংলাদেশ সফরে মার্কিন সহকারী বাণিজ্যমন্ত্রী
৫। হাসপাতাল ছাড়লেই খালেদা জিয়াকে কেরানীগঞ্জ কারাগারে নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৬। ভ্যাট আইন ব্যবসায়ী বান্ধব হবে : অর্থমন্ত্রী
৭। তিউনিসিয়ায় নৌকাডুবিতে নিহত বাংলাদেশিদের সঠিক সংখ্যা এখনও পাওয়া যায়নি : পররাষ্ট্রমন্ত্রী
৮। চিকিৎসক-নার্সদের ঢাকায় বদলির তদবির গ্রাহ্য করা হবে না : স্বাস্থ্যমন্ত্রী
৯। এবার হজ যাত্রীদের কোনো ভোগান্তি হবে না : ধর্ম প্রতিমন্ত্রী
১০। সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সিঙ্গাপুরে চিকিৎসা শেষে দেশে ফিরছেন আজ
১১। বৌদ্ধ পূর্ণিমাকে ঘিরে নিরাপত্তা শঙ্কা নেই : আইজিপি
১২। কবি হায়াৎ সাইফের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

চলমান পাতা-২

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বদলে গেছে দেশ : তথ্যমন্ত্রী

দেশের বিস্ময়কর উন্নয়নের তথ্য আরও কার্যকরভাবে প্রচারের মাধ্যমে জনগণের কাছে পৌঁছে দিতে তথ্য ক্যাডারের কর্মকর্তাদের আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ। তিনি বলেন, গত ১০ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বদলে গেছে দেশ। স্বল্প আয় থেকে মধ্যম আয়ের ও খাদ্য ঘাটতি থেকে খাদ্য উদ্বৃত্তের দেশে উন্নীত হয়েছে বাংলাদেশ। বিস্ময়কর উন্নয়নের এসব তথ্য জনগণের কাছে পৌঁছে দিতে তথ্য ক্যাডার কর্মকর্তাদের গুরুত্বপূর্ণ

ভূমিকা রাখতে হবে। গতকাল (১৪ মে মঙ্গলবার) রাজধানীর কাকরাইলে নবনির্মিত তথ্য ভবন মিলনায়তনে বিসিএস ইনফরমেশন অ্যাসোসিয়েশনের ইফতার অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের সচিব কামরুন নাহারের সভাপতিত্বে এসময় আরো উপস্থিত ছিলেন তথ্য সচিব আবদুল মালেক, রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীনসহ বিভিন্ন সংস্থার দপ্তর প্রধানগণ। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

২। বিশ্ববাণিজ্য নেগোসিয়েশনে এলডিসিভুক্ত দেশের অংশগ্রহণ প্রয়োজন
ভারতে ডব্লিউটিও'র সভায় বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, বাংলাদেশ ২০২৪ সালে এলডিসি থেকে বেরিয়ে উন্নয়নশীল দেশে উন্নীত হবে। তখন বিশ্ববাণিজ্যের চ্যালেঞ্জ মোকাবিলায় ডব্লিউটিও'র সহযোগিতা প্রয়োজন হবে। বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিণত হবার পর সকল দেশের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। বিশ্ববাণিজ্য নেগোসিয়েশনে এলডিসিভুক্ত দেশগুলোর সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন। বহুপাক্ষিক বাণিজ্য ব্যবস্থায় চলমান সমস্যাগুলো চিহ্নিত করে তা সমাধানে ভবিষ্যৎ করণীয় নির্ধারণে ডব্লিউটিওকে বলিষ্ঠ ভূমিকা রাখতে হবে। বাণিজ্যমন্ত্রী গতকাল (১৪ মে মঙ্গলবার) ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত দুই দিনব্যাপী ডব্লিউটিও মন্ত্রীপর্যায়ের বৈঠকের বক্তৃতায় এসব কথা বলেন। বিশ্বের ২৩টি উন্নয়নশীল দেশের মন্ত্রিগণ এ সভায় যোগদান করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **সমকাল** (পৃ.১২,ক.১)।

৩। মালয়েশিয়ায় দুই মন্ত্রীর সঙ্গে প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রীর বৈঠক :
শ্রমবাজার উন্মুক্ত হবে শীঘ্রই

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ গতকাল (১৪ মে মঙ্গলবার) মালয়েশিয়ার স্থানীয় সময় বেলা আড়াইটায় মালয়েশিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী ড. তান শ্রী দাতো সেরি উতামা মহিউদ্দিন ইয়াসিন এবং মানবসম্পদমন্ত্রী তান কুলাসেগারানের সঙ্গে তাঁদের কার্যালয়ে সৌহার্দপূর্ণ দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। বৈঠকে মালয়েশিয়ায় বাংলাদেশের শ্রমবাজার শীঘ্রই উন্মুক্ত হবে বলে উভয়পক্ষ আশাবাদ ব্যক্ত করেছেন। এছাড়াও বৈঠকে মালয়েশিয়ায় অবস্থানরত বাংলাদেশি কর্মীদের স্বার্থসংশ্লিষ্ট নানা বিষয় নিয়ে আলোচনা হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

৪। অর্থনৈতিক সম্পর্ক বাড়াতে চায় যুক্তরাষ্ট্র : বাংলাদেশ সফরে মার্কিন সহকারী বাণিজ্যমন্ত্রী

যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত সহকারী বাণিজ্যমন্ত্রী ইয়ান স্টেফ বলেছেন, বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সম্পর্ক বাড়ছে। এক দশকে দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য ৮ বিলিয়ন ডলার ছাড়িয়েছে। আগামীতে তা বাড়ানোর সুযোগ রয়েছে। এ সুযোগ কাজে লাগাতে উভয় দেশেরই উদ্যোগ নিতে হবে। গত ১১ থেকে ১৩ মে বাংলাদেশে সফরকালীন সরকারের নীতি নির্ধারকদের সঙ্গে বৈঠকে তিনি এসব কথা বলেন। ঢাকার মার্কিন দূতাবাস থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৪), **নিউ নেশন** (শেষপৃ,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৫। হাসপাতাল ছাড়লেই খালেদা জিয়াকে কেরানীগঞ্জ কারাগারে নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার শারীরিক অবস্থা এখন আগের চেয়ে অনেক ভালো। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) থেকে তাঁকে ছেড়ে দিলে কেরানীগঞ্জ কারাগারে নেওয়া হবে। গতকাল (১৪ মে মঙ্গলবার) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। খালেদা জিয়ার জীবন বিপন্ন করতে তাঁকে কেরানীগঞ্জ নেওয়ার সিদ্ধান্ত হয়েছে বিএনপির এ অভিযোগ খণ্ডন করে মন্ত্রী বলেন, এ কথা মোটেও সত্য নয়। জেল কোড অনুযায়ী যত সুযোগ সুবিধা পাওয়ার এখতিয়ার আছে, কেরানীগঞ্জ কারাগারে সে ধরনের সব সুবিধা পাবেন খালেদা জিয়া। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৬। ভ্যাট আইন ব্যবসায়ী বান্ধব হবে : অর্থমন্ত্রী

আগামী বাজেটে কোনো পণ্যে ভ্যাটের হার বাড়বে না বরং কমবে। আইনগত কারণে ভ্যাট আইনের সব তথ্য এখন প্রকাশ সম্ভব নয়, তবে ভ্যাট আইন ব্যবসায়ীদের জন্য ক্ষতিকর নয় বরং ব্যবসায়ী বান্ধব আইন হবে। ফলে ব্যবসায়ীরা আশ্বস্ত হয়েছেন। যার ফলে এনবিআর এর সঙ্গে ব্যবসায়ীদের কোনো দূরত্ব নেই বলে জানান অর্থমন্ত্রী। গতকাল (১৪ মে মঙ্গলবার) শেরে বাংলানগরে তাঁর মন্ত্রণালয়ে সভাকক্ষে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও

এফবিসিসিআই এর সাথে বৈঠক শেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (শেষপৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৭। তিউনিসিয়ায় নৌকাডুবিতে নিহত বাংলাদেশিদের সঠিক সংখ্যা এখনও পাওয়া যায়নি : পররাষ্ট্রমন্ত্রী

তিউনিসিয়ায় নৌকাডুবিতে নিহত বাংলাদেশিদের সঠিক পরিসংখ্যান এখনও পাওয়া যায়নি বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (১৪ মে মঙ্গলবার) কৃষিবিদ ইনস্টিটিউটে (কেআইবি) এক সেমিনারে তিনি এ তথ্য জানান। মন্ত্রী অরো বলেন, আমাদের অ্যাম্বাসেডর সেখানে গেছেন, পরখ করার পর তারা বাঙালি হলে অবশ্যই তাদের দেশে ফিরিয়ে আনা হবে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩)।

৮। চিকিৎসক-নার্সদের ঢাকায় বদলির তদবির গ্রাহ্য করা হবে না : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, ঢাকার বাইরে থাকা চিকিৎসক ও নার্সদের নানা অজুহাতে ঢাকায় পদায়নের ব্যাপারে নানাভাবে তদবির করা হয়। এসব তদবিরের কারণে ঢাকার বাইরে থাকা হাসপাতালগুলোতে বর্তমানে চিকিৎসক ও নার্সদের সংকট দেখা যাচ্ছে, যা মোটেও কাম্য নয়। ঢাকার মানুষের যেমন স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার আছে, তেমনি ঢাকার বাইরের মানুষেরও চিকিৎসা সেবা দরকার আছে। সব চিকিৎসক, নার্সরা ঢাকায় আসার জন্য তদবির করে সফল হলে ঢাকার বাইরে স্বাস্থ্যসেবা ঝুঁকিপূর্ণ হবে। কাজেই ঢাকার বাইরে থেকে ঢাকায় আসার জন্য চিকিৎসক-নার্সদের আর কোনো তদবির গ্রাহ্য করা হবে না। গতকাল (১৪ মে মঙ্গলবার) সচিবালয়ের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ঢাকার বাইরের হাসপাতালগুলোর পরিচালকদের সঙ্গে সমন্বয় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৩), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

৯। এবার হজ যাত্রীদের কোনো ভোগান্তি হবে না : ধর্ম প্রতিমন্ত্রী

এবার হজ হাজীদের কোনো ভোগান্তি হবে না বলে আশ্বস্ত করেছেন ধর্ম প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মোহাম্মদ শেখ আব্দুল্লাহ। গতকাল (১৪ মে মঙ্গলবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনী মিলনায়তনে পাসপোর্ট অ্যান্ড ইমিগ্রেশন রিপোর্টার্স ফোরামের (পিআইআরএফ) ইফতার মাহফিলে তিনি এ কথা বলেন। মন্ত্রী আরো বলেন, আমি দায়িত্ব পাবার পর ছয়টা দাবি নিয়ে সৌদি আরব যাই। এর মধ্যে চারটি দাবি সৌদি সরকার মেনে নিয়েছে। এর মধ্যে অন্যতম ছিল, জেদ্দা বিমান বন্দরে হাজীদের যে ইমিগ্রেশন হয়, তা বাংলাদেশে হবে। এটা অনেক বড় সাফল্য। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৩)।

১০। সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সিঙ্গাপুরে চিকিৎসা শেষে দেশে ফিরছেন আজ

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সিঙ্গাপুরে প্রায় আড়াই মাস চিকিৎসা শেষে আজ ১৫ মে বুধবার দেশে ফিরছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটে তিনি আজ সন্ধ্যা ৬টায় হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

১১। বৌদ্ধ পূর্ণিমাকে ঘিরে নিরাপত্তা শঙ্কা নেই : আইজিপি

বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বৌদ্ধ পূর্ণিমা উদ্‌যাপনের লক্ষ্যে সারাদেশে ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী। আইজিপি জানান, নিরাপত্তা নিয়ে সুনির্দিষ্ট কোনো শঙ্কা নেই। নিরাপত্তা ব্যবস্থা সুসংহত করার লক্ষ্যে বৌদ্ধমন্দিরসহ গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। গতকাল (১৪ মে মঙ্গলবার) পুলিশ সদরদফতরের সম্মেলনকক্ষে বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে আইনশৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা সংক্রান্ত এক সভায় আইজিপি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

১২। কবি হায়াৎ সাইফের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

একুশে পদকপ্রাপ্ত কবি হায়াৎ সাইফ গত ১৩ মে সোমবার রাত ১২টায় রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৬ বছর। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কবি হায়াৎ সাইফের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। গতকাল (১৪ মে মঙ্গলবার) এক শোকবার্তায় প্রধানমন্ত্রী তাঁর আত্মার মাগফিরাত

কামনা করেন ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। সূত্র : **সংবাদ** (শেষপৃ,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

সম্পাদকীয়

ক. **সমকাল :** বিএসটিআই এর অভিযানে জনস্বাস্থ্যের জন্য অনিরাপদ খাদ্যদ্রব্য পরিবেশনসহ পরিমাপে কারচুপির অপরাধে **১৫**টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা হয়েছে উল্লেখ করে ভেজাল খাদ্যদ্রব্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **ইত্তেফাক :** ঈদের আগেই পোশাকশ্রমিকদের বেতন-বোনাস পরিশোধের ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব, ডেইলি সান, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ নেশন :** লিবিয়া থেকে সমুদ্রপথে ইতালি যাওয়ার সময় সমুদ্রে ডুবে অর্ধশতাধিক অবৈধ অভিবাসীর মৃত্যু হয়েছে যার অধিকাংশই বাংলাদেশি এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে মানবপাচার রোধে কঠোর পদক্ষেপ নেওয়ার পাশাপাশি দেশে বেকারদের জন্য উপযুক্ত কর্মসংস্থান সৃষ্টির সুপারিশ।

ঘ. **যায়যায়দিন, ডেইলি সান :** রাজধানীর বেশিরভাগ এলাকায় ওয়াসার পানি দূষিত উল্লেখ করে এ ব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ভোরের কাগজ :** দেশের বিরাটসংখ্যক তরুণশক্তি মাদকের নেশায় ধ্বংস হচ্ছে উল্লেখ করে প্রশাসনিক কঠোর অবস্থান, রাজনৈতিক সদিচ্ছা এবং জনসচেতনতাই পারবে ইয়াবার বিস্তার রোধ করতে বলে মত প্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** নারী ও কন্যাশিশুর ওপর যৌন নির্যাতনের হার বেড়েই চলছে উল্লেখ করে এসব অপরাধে জড়িতদের কঠোর শাস্তির পাশাপাশি নারী ও শিশুর নিরাপত্তায় সচেতনতার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যে কোনো নির্মাণ কাজে জনদুর্ভোগ লাঘবে সচেষ্ট হতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'ভেজাল প্রবণতায় মানবতা ও নৈতিকতা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, খাদ্যে ভেজাল প্রতিরোধ করার জন্য শুধু সরকারের ওপর নির্ভর করে না থেকে সাধারণ জনগণকে সম্পৃক্ত করে ঐক্যবদ্ধ সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা